

খুলনা জেলা কারাগারে ই-সেবা কার্যক্রম:

মোবাইল ব্যাংকিং সেবা : (০১৭৬৯-৯৭০৬২৯)

খুলনা জেলা কারাগারে ই-সেবার আওতায় বেশ কয়েকটি কার্যক্রম পরিচালিত হয়ে থাকে। তন্মধ্যে মোবাইল ব্যাংকিং সেবার (মোবাইল নং-০১৭৬৯-৯৭০৬২৯) মাধ্যমে বন্দিদের পি.সি (Personal Cash) তে টাকা পাঠানো। এই মোবাইল ব্যাংকিং সেবার মাধ্যমে দেশের যে কোন প্রত্যন্ত অঞ্চল থেকে খুলনা জেলা কারাগারে আটক বন্দিদের নামে তার পি,সিতে টাকা পাঠানো যায়। সংশ্লিষ্ট সেবার দায়িত্বে নিয়োজিত একজন কারারক্ষি মোবাইলে উক্ত বন্দির নাম, পিতার নাম ও ঠিকানা রেজিস্ট্রারে লিপিবদ্ধ করে নিয়মানুযায়ী পি.সি কার্ডের মাধ্যমে সংশ্লিষ্ট বন্দির নিকট হস্তান্তর করা হয়ে থাকে।

ই-মেইল এর মাধ্যমে সেবা : (districtjailkhulna@gmail.com)

খুলনা জেলা কারাগারের মেইল নম্বর (districtjailkhulna@gmail.com) এর মাধ্যমে খুলনা জেলার বিজ্ঞ সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, পাইকগাছা এবং বিজ্ঞ সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, কয়রা আদালতের মাধ্যমে বন্দিদের ছাড়পত্র ও জামিননামা প্রেরণ করা হয়। উক্ত মুক্তির আদেশানুযায়ী সংশ্লিষ্ট বন্দিদের জামিনে মুক্তি প্রদান করা হয়।